রামপালে সুন্দরবন ডায়াগনস্টিক সেন্টারকে এক লাখ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত

বাগেরহাটের রামপালে আলোচিত অনুমোদনহীন সুন্দরবন ডায়াগনস্টিক সেন্টার এন্ড প্রাইভেট হাসপাতাল কর্তৃপক্ষের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালত বসিয়ে একলক্ষ টাকা জরিমানা করা হয়েছে। বৃহস্পতিবার বিকাল সাড়ে ৩টা থেকে প্রায় ৬টা পর্যন্ত রামপাল উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট তুষার কুমার পাল হাসপাতালের প্রধান ফটক বন্ধ করে অভিযান পরিচালনা ও আদালত বসিয়ে এ জরিমানা করেন। স্থানীয়রা জানান, সুন্দরবন ডায়াগনস্টিক সেন্টার এন্ড প্রাইভেট হাসপাতালটি অনুমোদ বিহীনভাবে দীর্ঘ ৩ বছর ধরে অবৈধভাবে পরিচালনা করে আসছে। বারবার ভুল চিকিৎসা, অপচিকিৎসায় প্রসূতি নবজাতক ও অন্যান্য বেশ কয়েকটি রোগীর মৃত্যুর ঘটনা ঘটলেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দীর্ঘদিন ধরে ছিল নির্বিকার রয়েছে। বৃহস্পতিবার ওই হাসপাতাল কর্তৃপক্ষকে ১ লক্ষ টাকা জরিমানা করা হলেও তাদেরকে ক্লিনিকের ব্যবসা চালিয়ে যাওয়ার জন্য অনুমতি প্রদান করায় এলাবাসী চরম ¶◌োভ প্রকাশ করেছে।
অভিযান পরিচালনাকারী নির্বাহী ম্যাজিষ্ট্রেট তুষার কুমার পাল জানান, সুন্দরবন ডায়াগনস্টিক সেন্টার এন্ড প্রাইভেট হাসপাতালের প্রয়োজনীয় কাগজপত্র না থাকায় ১ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। এসময় রামপাল থানার ওসি (তদš—) এমডি তুহিন হাওলাদার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ডাঃ মোঃ আশিকুর রহমান উপস্থিত ছিলেন।
তবে স্থানীয় সাংবাদিকদের অভিযোগ, দীর্ঘসময় ওই অবৈধ হাসপালের ক্লপসেবল গেট বন্ধ রেখে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়। তার ম্যাজিষ্টেটের নিকট সাংবাদিকরা হাসপাতালের ভিতরে ঢোকার জন্য তিনবার অনুমতি চাইলেও অনুমতি দেয়া হয়নি।